# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/৮৫৮৮

তারিখ ঃ ২১/০৫/২০১৯ ইং

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন বিভাগ/দপ্তরের জন্য **স্থায়ী** ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| পদের নাম, বেতনস্কেল ও গ্রেড | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| **(১) সহকারী পরিচালক (অডিট)**<br>(২৯০০০-৬৩৪১০) (গ্রেড-৭) | ১টি | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে বাণিজ্যে স্নাতকসহ স্নাতকোত্তর/ এমবিএ (হিসাব বিজ্ঞান/ ফিন্যান্স) ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের উভয়টিতে ১ম বিভাগ/ শ্রেণি/ সমমানের গ্রেড প্রাপ্তদের এবং সিএ কোর্স সম্পন্নকারী/ সমমানের ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে হিসাব রক্ষণ কর্মকর্তা/ সমমানের ১ম শ্রেণির পদে ০৪ (চার) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে অথবা সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা/সমমানের পদে কমপক্ষে ০৮(আট) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনুর্ধ ৩৫ বছর। |
| **(২) মেডিকেল অফিসার**<br>(২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯) | ১টি | প্রার্থীকে অবশ্যই কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এম.বি.বি.এস. ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। প্রার্থীকে বিএমডিসি এর রেজিস্ট্রেশনভুক্ত হতে হবে। এফ.সি.পি.এস. / এফ.আর.সি.এস./ এম.ডি/ সমমানের ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে। বয়স অনুর্ধ ৩০ বছর। |
| **(৩) আইন কর্মকর্তা**<br>(২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯) | ১টি | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে কমপক্ষে স্নাতকসহ স্নাতকোত্তর/ সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের উভয়টিতে ১ম শ্রেণি প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। আইন পেশায় অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। আইন পেশায় লাইসেন্সধারী হতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর। |
| **(৪) ফিজিক্যাল ইন্সট্রাকটর**<br>(২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯) | ১টি | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতকসহ স্নাতকোত্তর/ সমমানের ডিগ্রিসহ বিপিএড ডিগ্রিপ্রাপ্ত অথবা শারীরিক স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে এবং তৎসহ প্রধান খেলাধূলা সমূহে দক্ষতা থাকতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বয়স অনুর্ধ ৩০ বছর। |
| **(৫) এ্যাসিসটেন্ট কম্পিউটার প্রোগ্রামার**<br>(২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯) | ১টি | **Qualification:**<br>1. BSc Engineering/Honours (4Yrs) in Computer Science/Information Technology/ Software/ Electronics & Communication/ Telecommunication/ Electrical & Electronics/ Applied Physics & Electronics.<br>OR<br>MSc with 3 Yrs Honours in Computer Science/InformationTechnology/ Software/ Electronics & Communication/ Applied Physics & Electronics.<br>2. Should have at least second class/division in all examination, Age upto 30 years.<br>**Experience:**<br>1. Candidates having experience in My SQL/PHP and working LINUX/ WINDOIWS NT environment will be given preference. |
| **(৬) সহকারী প্রকৌশলী (সিভিল)**<br>(২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯) | ১টি | প্রার্থীকে অবশ্যই কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নূন্যতম বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ১ম বিভাগ/ শ্রেণি/ সমমানের গ্রেড প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। বয়স অনুর্ধ ৩০ বছর।<br>অথবা<br>প্রার্থীকে কোন স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ ১ম শ্রেণির /সমমানের ডিপ্লোমাধারী হতে হবে। প্রার্থীর কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/ সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে উপ-সহকারী প্রকৌশলী/ সমমানের পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/ শ্রেণি/ সমমানের গ্রেড গ্রহনযোগ্য হবে না। বয়স অনুর্ধ ৩৫ বছর। |
| **(৭) ছাত্র কল্যাণ কর্মকর্তা**<br>(১৬০০০-৩৮৬৪০) (গ্রেড-১০) | ১টি | প্রার্থীকে অবশ্যই কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকসহ স্নাতকোত্তর/ সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ের উভয়টিতে ১ম শ্রেণি প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। বয়স অনুর্ধ ৩০ বছর।<br>অথবা<br>প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতক ডিগ্রিধারী হতে হবে। প্রার্থীর কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/ সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ছাত্র নির্দেশনা সংক্রান্ত কাজে ০৫ (পাঁচ) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। বয়স অনুর্ধ ৩৫ বছর। |
| **(৮) পি.এ টু ভিসি**<br>(১২৫০০-৩০২৩০) (গ্রেড-১১) | ১টি | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতক ডিগ্রিধারী হতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর। |
| **(৯) মেকানিক**<br>(১২৫০০-৩০২৩০) (গ্রেড-১১) | ১টি | প্রার্থীকে অবশ্যই নূন্যতম স্নাতক (বিজ্ঞান)/ সমমানের পরীক্ষায় পাশ/ এইচএসসি ভোকেশনাল পাশ হতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর। |
| **(১০) ক্যাশিয়ার**<br>(১২৫০০-৩০২৩০) (গ্রেড-১১) | ১টি | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে কমপক্ষে স্নাতক ডিগ্রিধারী হতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর। |
| **(১১) হিসাবরক্ষক**<br>(১২৫০০-৩০২৩০) (গ্রেড-১১) | ১টি | প্রার্থীকে অবশ্যই কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে নূন্যতম বাণিজ্যে স্নাতক/সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর। |
| **(১২) সহকারী হিসাবরক্ষক**<br>(১১০০০-২৬৫৯০) (গ্রেড-১৩) | ১টি | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে কমপক্ষে স্নাতক ডিগ্রিধারী হতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর। |

| পদের নাম, বেতনস্কেল ও গ্রেড | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| (১৩) সিকিউরিটি সুপারভাইজার<br>(১১০০০-২৬৫৯০) (গ্রেড-১৩) | ১টি | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতক ডিগ্রিধারী হতে হবে। বয়স অনূর্ধ ৩০ বছর। |
| (১৪) নেটওয়ার্ক টেকনিশিয়ান<br>(১১০০০-২৬৫৯০) (গ্রেড-১৩) | ১টি | **Qualification:**<br>• HSC OR Equivalent.<br>• Should have at least second division in all examination, Age upto 30 years.<br>**Experience:**<br>• Basic computer skills (Word, Excel, Internet etc.)<br>• 3-4 years of practical experience in a recognized organization concerning ICT.<br>• Expertise in maintenance of computer and secretarial work will be preferable. |
| (১৫) হার্ডওয়্যার টেকনিশিয়ান<br>(১১০০০-২৬৫৯০) (গ্রেড-১৩) | ১টি | **Qualification:**<br>• HSC OR Equivalent.<br>• Should have at least second division in all examination, Age upto 30 years.<br>**Experience:**<br>• Basic computer skills (Word, Excel, Internet etc.)<br>• 3-4 years of practical experience in a recognized organization concerning ICT.<br>• Expertise in maintenance of computer and secretarial work will be preferable. |
| (১৬) কম্পাউন্ডার<br>(৯৭০০-২৩৪৯০) (গ্রেড-১৭) | ১টি | স্বীকৃত কোন প্রতিষ্ঠান থেকে প্যারামেডিক্সে ডিপ্লোমা ডিগ্রিধারী হতে হবে। বয়স অনূর্ধ ৩০ বছর। |
| (১৭) গেষ্ট হাউজ এ্যাটেনডেন্ট<br>(৮৫০০-২০৫৭০) (গ্রেড-১৯) | ১টি | কমপক্ষে এসএসসি পাশ হতে হবে। বয়স অনূর্ধ ৩০ বছর। |
| (১৮) ইলেকট্রিশিয়ান<br>(৮৫০০-২০৫৭০) (গ্রেড-১৯) | ১টি | কমপক্ষে এসএসসি (বিজ্ঞান) পাশ হতে হবে। বয়স অনূর্ধ ৩০ বছর। |
| (১৯) খাদেম<br>(৮২৫০-২০০১০) (গ্রেড-২০) | ১টি | কমপক্ষে অষ্টম শ্রেণি পাশ হতে হবে। বয়স অনূর্ধ ৩০ বছর। |
| (২০) বাস হেল্পার<br>(৮২৫০-২০০১০) (গ্রেড-২০) | ১টি | প্রার্থীকে অবশ্যই অষ্টম শ্রেণি পাশ হতে হবে। বয়স অনূর্ধ ৩০ বছর। |

## শর্তাবলী ঃ

১) **আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ২৫/০৬/২০১৯ ইং।** সকল আবেদনপত্র রেজিস্ট্রার, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজাপুর, পাবনা, বরাবরে উক্ত তারিখের **(২৫/০৬/২০১৯ ইং)** মধ্যে কার্যদিবসে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (৯:০০টা থেকে ৫:০০টা) কেবলমাত্র ডাকযোগে পৌছাতে হবে।

২) আবেদনের জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েব সাইটে প্রদত্ত ফরমেটে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত ডকুমেন্টগুলো অবশ্যই সংযুক্ত করতে হবে এবং প্রার্থীকে আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে ঃ
**(ক)** সদ্যতোলা পাসপোর্ট আকারের ০৩ কপি রঙিন ছবি **(খ)** শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি **(গ)** জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি **(ঘ)** অভিজ্ঞতা (বেতনক্রমসহ) সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) **(ঙ)** প্রকাশনা ও প্রশিক্ষণ সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) **(চ)** ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।

৩) **(ক)** সকল পদের প্রার্থীদের জন্য ০৭ (সাত) সেট আবেদনপত্র জমা দিতে হবে।
**(খ)** মূল আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০/-(দশ) টাকার ডাকটিকিটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৪) উর্দ্ধতন পদসমূহে (জাতীয় বেতন স্কেল-২০১৫ এর গ্রেড-৯ এর উর্দ্ধে) নিয়োগের সকল ক্ষেত্রে অভ্যন্তরীণ/বিভাগীয় প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ব্যতীত নিয়োগ নীতিমালার যে কোন একটি শর্ত শিথিলযোগ্য।

৫) এই বিশ্ববিদ্যালয়ে স্বপদে/সমমানের পদে কর্মরত কর্মকর্তা প্রার্থীদের ক্ষেত্রে নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স এর যে কোন একটি শর্ত শিথিলযোগ্য হবে।

৬) কর্মকর্তা পদে (গ্রেড-০৭ থেকে গ্রেড-১০) আবেদনের বেলায় গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে প্রথম শ্রেণির সমমান বলতে এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান এর ক্ষেত্রে জিপিএ/ সিজিপিএ ৫.০০ এর জন্য কমপক্ষে ৩.৫০ এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে জিপিএ/ সিজিপিএ ৪.০০ এর জন্য কমপক্ষে ৩.০০ বুঝাবে এবং দ্বিতীয় শ্রেণির সমমান বলতে এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান এর ক্ষেত্রে জিপিএ/ সিজিপিএ ৫.০০ এর জন্য ২.৫০ এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে জিপিএ/ সিজিপিএ ৪.০০ এর জন্য কমপক্ষে ২.২৫ বুঝাবে। নিয়োগের ক্ষেত্রে শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড (৫.০০ এর মধ্যে ২.৫০ এবং ৪.০০ এর মধ্যে ২.২৫) এর নিচে গ্রহণযোগ্য হবে না এবং বিদেশী ডিগ্রির ক্ষেত্রে ইউজিসি কর্তৃক সমতুল্য সনদ থাকতে হবে/ বিশ্ববিদ্যালয় সমতুল্য সনদ (Equivalence committee) কর্তৃক সুপারিশকৃত হতে হবে।

৭) কর্মচারী পদে (গ্রেড-১১ থেকে গ্রেড-২০) আবেদনের ক্ষেত্রে এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স এর যে কোন একটি শর্ত শিথিলযোগ্য এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগ বিধিতে বর্ণিত নিয়োগ শর্তাবলী শিথিলযোগ্য হবে।

৮) চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৯) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থীদেরকে সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

১০) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্ব প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১) প্রত্যেক প্রার্থীর তাঁর প্রার্থিত পদের নাম এবং মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে প্রযোজ্য অংশটি খামের উপর স্পষ্ট করে লিখতে হবে।

১২) প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা/ মৌখিক পরীক্ষা/ জবটেস্ট এ ডাকা হবে। এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩) **পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়**-এর অনুকূলে জনতা ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখা হতে ০১-০৭ নং পদের প্রার্থীদের ৫০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং ০৮-২০ নং পদের প্রার্থীদের ৩০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

১৪) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল কিংবা সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

অধিকতর যোগ্যতা সম্পন্ন/ বিভাগীয় প্রার্থী/ পাবলিক বিশ্ববিদ্যালয়ে এতদসংশ্লিষ্ট অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক পদের অনুমোদন সাপেক্ষে কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২১/০৫/১৯
অতিরিক্ত রেজিস্ট্রার
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।